



“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-১
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৭৫.০১৫.০০১.০১ (অংশ)-২৫৫

তারিখঃ ২৭ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
১২ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) এর উপাধ্যক্ষ পদের মানোন্নয়নসহ নতুন ৩৮ (আটত্রিশটি) পদসৃজন।

সূত্র: (ক) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.২৭.০০১.১৯-২০৪/১, তারিখ-২৮.১০.২০২০খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) এর উপাধ্যক্ষ পদের মানোন্নয়নসহ নতুন ৩৮ (আটত্রিশটি) পদসৃজনের প্রস্তাব অনুমোদনের লক্ষ্যে সূত্র বর্ণিত (ক) স্মারকের মাধ্যমে প্রস্তাব প্রেরণের করা হয়েছে। উক্ত পত্রে নিম্নবর্ণিত ত্রুটি সমূহ পরিলক্ষিত হয়েছে যা সংশোধন করা আবশ্যিক।

- ক. পদ সৃজনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুযায়ী বিএমটিটিআই এর উপাধ্যক্ষ পদের মানোন্নয়নসহ নতুন ৩৮ (আটত্রিশ) টি পদ সৃজনের প্রস্তাব DG, DME কর্তৃক TMED-তে প্রেরণ করা হয়েছে। তবে উক্ত চেকলিস্ট অনুযায়ী প্রকৃতপক্ষে বিদ্যমান জনবল দ্বারা উপরিউক্ত মতে প্রশিক্ষণ সুচারুরূপে পরিচালনা সম্ভব নয় (অনুরূপ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের জনবলের সাথে তুলনাক্রমে) বাড়তি জনবল প্রয়োজন এ মর্মে স্পষ্ট কোন তথ্য প্রস্তাবে নেই যা থাকা প্রয়োজন।
- খ. Standard workload অনুযায়ী (অনুরূপ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের জনবলের সাথে তুলনাক্রমে) বিএমটিটিআই এর বর্তমান প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য প্রকৃত পক্ষে বাড়তি কত জনবল প্রয়োজন তা প্রস্তাবে উল্লেখ করা হয়নি। যা প্রয়োজন।
- গ. বাড়তি জনবল যোগ হলে বিএমটিটিআই এর প্রশিক্ষণ সক্ষমতা কতটুকু বৃদ্ধি পাবে এর তুলনামূলক চিত্র প্রস্তাবে নেই, যা প্রয়োজন।
- ঘ. ডিএমই এর অধীনস্থ প্রতিষ্ঠান হিসেবে বিএমটিটিআই এর প্রস্তাবের বিষয়ে ডিজি, ডিএমই এর সুনির্দিষ্ট প্রস্তাব/সুপারিশ (সচিবালয় নির্দেশমালা-২০১৪ এরনির্দেশ ১৭২ অনুযায়ী) নেই, যা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, উল্লিখিত ত্রুটি সংশোধনক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুযায়ী প্রস্তাবিত নতুন ৩৮টি পদ সৃজনের যৌক্তিকতা, প্রস্তাবিত পদ সমূহের আর্থিক সংশ্লেষের বিবরণ এবং প্রত্যেকটি পদের দায়িত্ব উল্লেখক্রমে প্রস্তাব তৈরীক্রমে আগামি ৩০.১১.২০ তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(সৈয়দ আসগর আলী) ১২/১১/২০২০
সহকারী সচিব (মাদ্রাসা-১)
ফোনঃ ৯৫৭৭৪২৪

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউস (৭ম ও ১০ তলা), নিউ বেইলী রোড, ঢাকা।

অনুলিপিঃ

১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অফিস কপি/মাস্টার কপি।